# জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ছুটি স্থগিত

**জবি প্রতিনিধি**

৩০ নভেম্বর ২০২৫, ০৫:৩১ পিএম




ছবি : সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) কর্তৃপক্ষ চলতি শিক্ষাবর্ষের শীতকালীন ছুটি স্থগিত করেছে। অ্যাকাডেমিক ক্যালেন্ডারে নির্ধারিত ২৮ ডিসেম্বর ২০২৫ থেকে ১ জানুয়ারি ২০২৬ পর্যন্ত এ ছুটি পরবর্তী সময়ে দেওয়া হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

রোববার (৩০ নভেম্বর) ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়, ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক ভর্তি পরীক্ষা, জবি কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচন এবং সাম্প্রতিক ভূমিকম্পের কারণে অ্যাকাডেমিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। এসব কারণে সেশনজট এড়াতে শীতকালীন ছুটি স্থগিতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ছুটিটি পরবর্তী অ্যাকাডেমিক কাউন্সিলের সভায় প্রতিবেদনের ভিত্তিতে পুনর্নির্ধারণ করা হবে।

ফলে আগামী ২৮ ডিসেম্বর থেকে ১ জানুয়ারি পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষাসহ সব অ্যাকাডেমিক কার্যক্রম যথারীতি চলবে।